

সমসংবাদ

তারিখ... 13 MAR 20
পৃষ্ঠা - ১০ -

নিউইয়র্কে মুক্তধারার বইমেলা বর্জন প্রকাশকদের

যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান মুক্তধারা ফাউন্ডেশনের বইমেলায় অংশ নেবে না বাংলাদেশের সৃজনশীল প্রকাশনা প্রতিষ্ঠানগুলো। গত বুধবার প্রকাশকদের সংগঠন 'বাংলাদেশ জ্ঞান ও সৃজনশীল প্রকাশক সমিতি'র কার্যনির্বাহী কমিটির সভায় সর্বসম্মতিক্রমে এ সিদ্ধান্ত হয়। গতকাল বৃহস্পতিবার সমিতির নির্বাহী পরিচালক কামরুল হাসান শায়ক স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে তা জানানো হয়। মুক্তধারার নিউইয়র্কে আগামী ২২, ২৩ ও ২৪ মে মুক্তধারার আয়োজিত 'বাংলা উৎসব ও বইমেলা' অনুষ্ঠিত হবে।

সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, সমিতির সিদ্ধান্ত না মেনে কেউ যদি ব্যক্তিগতভাবে ওই বইমেলায় অংশ নিয়ে প্রচারিত হয়, তাহলে তার দায়-দায়িত্ব সমিতি নেবে না। বিজ্ঞপ্তিতে বলা হয়, মুক্তধারার বইমেলায় বাংলাদেশের বইয়ের চেয়ে ভারতের বইয়ের প্রদর্শনী ও বিক্রি প্রাধান্য পায়। প্রত্যাহার অভিযোগ করে বলা হয়, 'নিউইয়র্কের বাংলা উৎসব ও বইমেলায় সম্মতি ছাড়াই বাংলাদেশের বিশিষ্টজনদের নাম মুক্ত করা হয়েছে। যা অনৈতিক এবং প্রতারণামূলক।' সভায় সভাপতিত্ব করেন প্রকাশক সমিতির সভাপতি ওসমান গনি।